শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি

ভাতশালা,শেরপুর।

Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.sherpurpbs.org

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৩.০২.০০৮.১৯.৭৮৫৭ তারিখ ঃ ২৭ অগ্রহায়ণ, ১৪২৬ বঙ্গাব্দ।
১২ ডিসেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এ নিম্নে বর্ণিত শূণ্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগের নিমিত্তে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদের ধরন	বেতন ও অন্যান্য ভাতা	পদের সংখ্যা	যোগ্যতার অভিজ্ঞতা	যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক বেতন স্কেল ১৮৩০০.০০ টাকা হতে ৩২৭৪০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০৩ (পদের সংখ্যা কম/বেশী হতে পারে)	(ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। (খ) বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে নূন্যতম ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (গ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং কাজে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার পরিচালনায় পারদর্শী হতে হবে। (ঘ) দাপ্তরিক কাজে বাংলা ও ইংরেজি ব্যাকরণের ব্যবহার, বাংলা প্রমিত বানান রীতি, বিরাম চিহ্নের সঠিক প্রয়োগসহ বাক্য গঠনে এবং দাপ্তরিক চিঠিপত্র, প্রতিবেদন প্রস্তুত ও নথিভূক্ত করণে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিস্কারভাবে উপস্থাপনে দক্ষ/সক্ষম হতে হবে। (চ) সুন্দর ও মনোরম কাজ করার ক্ষমতা থাকতে হবে।	ঢাকা,,গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষীপুর, সিলেট,হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, রাজশাহী, নওগাঁ, নাটোর, দিনাজপুর, ঠাকুরগাঁও, রংপুর, গাইবান্ধা, বগুড়া, জয়পুরহাট, পাবনা, খুলনা,সাতক্ষীরা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া, বরিশাল, পিরোজপুর, বরগুনা , ভোলা, কিশোরগঞ্জ, নীলফামারী, পটুয়াখালী
সহকারী ক্যাশিয়ার (মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে)	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক বেতন স্কেল ১৮৩০০,০০ টাকা হতে ৩২৭৪০,০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০৩ (পদের সংখ্যা কম/বেশী হতে পারে)	(ক) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় নূন্যতম ২য় বিভাগ অথবা সিজিপিএ ৪ এর মধ্যে ২.২৫ অথবা জিপিএ ৫ এর মধ্যে ২.৫০ পেয়ে উত্তীর্ণ হতে হবে। (খ) কম্পিউটারে বাংলায় প্রতি মিনিটে নূন্যতম ১০ (দশ) এবং ইংরেজীতে ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (গ) অফিস যন্ত্রপাতি ও কম্পিউটার চালানোর অভিজ্ঞতা থাকতে হবে। (ঘ) সহকারী ক্যাশিয়ার পদে নির্বাচিত প্রার্থীকে জামানত হিসাবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপ্তির পর ফেরত দেয়া হবে। (ঙ) প্রার্থীর নূন্যতম গ্রহণযোগ্য পারিবারিক স্বচ্ছলতা ও উত্তম পারিবারিক ঐতিহ্য থাকতে হবে। নিয়োগ প্রদানের পূর্বে পবিস কর্তৃক পারিবারিক স্বচ্ছলতা ও ঐতিহ্য সরেজমিনে পরিদর্শন পূর্বক যাচাই করা হবে।	
অফিস সহায়ক	পবিস বেতন কাঠামো ২০১৬ মোতাবেক বেতন স্কেল ১৫৫০০,০০ টাকা হতে ২৭৮৫০,০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়।	০২ (পদের সংখ্যা কম/বেশী হতে পারে)	(ক) কমপক্ষে এস.এস.সি অথবা সমমান পাশ হতে হবে। (খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্থ, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। (গ) প্রার্থীকে সুন্দর শারিরীক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। (ঘ) প্রার্থীকে বাই-সাইকেল চালনায় পারদর্শী হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে।	

শর্তাবলীঃ

০১। উল্লেখিত যে কোন পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীগণকে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট www.sherpurpbs.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A-4 সাইজের আবেদন ফরম কাগজে (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশপত্র সহ)। সংগৃহীত আবেদন ফরম স্ব-হস্তে যথাযথভাবে পূরণ পূর্বক যে কোন তফশীলি ব্যাংক হতে **"শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি"** এর অনুকূলে ১০০,০০ (একশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ আগামী

০৫/০১/২০২০ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে। একাধিক পদে আবেদন করতে আগ্রহী প্রার্থীকে প্রতিটি পদের জন্য পৃথক পৃথকভাবে আবেদনপত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য হবে না।

০২। প্রার্থীকে আবেদনপত্রে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবেঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসা পত্র গ্রহণযোগ্য নয়);

খ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি;

গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঘ) ছবির পিছনে প্রার্থীর নাম লিখা সম্বলিত ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি;

ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

০৩। ০৫/০১/২০২০ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার কোটার ক্ষেত্রে বয়স সীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে প্রমাণ স্বরূপ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার (সরকারী নির্দেশনা অনুযায়ী উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত হতে হবে) সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। বয়সের প্রমানক হিসেবে এসএসসি/সমমানের সনদপত্র বিবেচিত হবে।

০৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর না করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৬। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে জনসাধারণের সাথে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/স্বীকৃত মেডিক্যাল অফিসার/পবিসের রিটেইনার চিকিৎসকের এবং স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

০৭। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যেও সত্যতা প্রমাণিত হলে যে কোন সময়ে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৮। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

০৯। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব পর্যন্ত কোন পদে নিয়োগ/বদলী, পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না। উল্লেখ্য যে, নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিধি-বিধান প্রতিপালনে সরকারি সর্বশেষ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১১। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণা করা অথবা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১২। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

১৩। খামের উপর অবশ্যই বড় অক্ষরে পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে।

১৪। যে কোন পদের জন্য তদবির প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

১৫। শর্তাবলীতে উল্লেখ নেই এমন নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন সময় নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

(মোঃ নাসিরুল হক খান)
জেনারেল ম্যানেজার